

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ১১ এপ্রিল, ২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১১-০৪-২০২৩ খ্রি. মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উম্মে সালিক রুমাইয়া এর নেতৃত্বে “ডিসেন্ট পেন্ডিং সপ কারখানা” নবাবপুর, বংশাল, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে উক্ত প্রতিষ্ঠানটির খাদ্য উৎপাদন ও মজুদস্থলে অত্যন্ত নোংরা-অপরিষ্কার অবস্থায় সকল কার্যক্রম পরিচালনা করতে দেখা যায়। প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের ব্যক্তিগত স্বাস্থ্য-সুরক্ষা উপকরণ ব্যবহার করতে দেখা যায় নি। এছাড়াও কারখানায় পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা ছিল না। ডাস্টবিনগুলো আচ্ছাদনবিহীন অবস্থায় পাওয়া যায়। এসকল অপরাধে “ডিসেন্ট পেন্ডিং সপ কারখানা” কর্তৃপক্ষকে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী ৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা) অর্থদণ্ড প্রদান অনাদায়ে ব্যবস্থাপককে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

“ডিসেন্ট পেন্ডিং সপ কারখানা” কর্তৃপক্ষকে সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়। “ডিসেন্ট পেন্ডিং সপ কারখানা” কর্তৃপক্ষও নির্দেশনা অনুসরণ করবেন বলে অঙ্গীকার করেন।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব মো: আসলাম ভূইয়া এবং বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

(ড. সহদেব চন্দ্র সাহা)

পরিচালক

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২৯৬৮৫

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।